

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩২৬

১/ বিবিধ

আরবী

نعم السحور التمر، ونعم الإدام الخل، ورحم الله المتسحرين
ضعيف

رواه أبو عوانة في " صحيحه " (8/185/1) : حدثني أبو محمد بن العباس القطان
الدمشقي قال: حدثنا خالد بن يزيد العمري عن ابن أبي ذئب عن المقبري عن أبي
هريرة مرفوعا
ومن هذا الوجه أخرجه ابن عساكر في " تاريخ دمشق " (19/79/1) في ترجمة القطان
هذا ولم يذكر فيه جرحا ولا تعديلا
قلت: وهذا إسناد واه جدا، العمري هذا قال الذهبي: " كذبه أبو حاتم ويحيى، قال ابن
حبان يروي الموضوعات عن الأثبات
ثم ساق له بعض الموضوعات، وليس منها هذا، فإن الجملة الأولى منه لها طريق
أخرى صحيحة عن أبي هريرة أوردتها في " الصحيحة " (562) ، والجملة الثانية في "
صحيح مسلم " من حديث جابر وعائشة، وهو مخرج هناك برقم (2220)
وأما الجملة الأخيرة، فأخرجها الطبراني في " الكبير " (6689) من حديث السائب بن
يزيد مرفوعا مع الجملة الأولى، وفيه يزيد بن عبد الملك النوفلي
وهو ضعيف، كما في " المجمع " (3/151) و" التقريب
ولم أجد لهذه الفقرة الأخيرة شاهدا آخر أشد به من عضدها، ولذلك أوردته هنا، وإنما
صحت بلفظ: إن الله وملائكته يصلون على المتسحرين ". ولذلك أوردته في " صحيح

الترغيب والترهيب " (1058)

বাংলা

১৩২৬। সর্বোত্তম সাহরী হচ্ছে খেজুর, সর্বোত্তম তরকারী হচ্ছে সেরকা, আল্লাহ তা'আলা সাহরী ভক্ষণকারীদের প্রতি দয়া করেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটিকে আবু আওয়ানাহ তার "সহীহ" গ্রন্থে (৮/১৮৫/১) আবু মুহাম্মাদ ইবনুল আব্বাস কাত্তান দেমাস্কী হতে, তিনি খালেদ ইবনু ইয়াযীদ উমারী হতে, তিনি ইবনু আবী যিইব হতে, তিনি আল-মাকবুরী হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

এ সূত্রেই ইবনু আসাকির হাদীসটিকে "তারীখু দেমাস্ক" গ্রন্থে (১৯/৭৯/১) এ আল-কাত্তানের জীবনী আলোচনা করতে গিয়ে উল্লেখ করে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এ উমারী সম্পর্কে হাফিয ইবনু হাজার বলেনঃ তাকে আবু হাতিম ও ইয়াহইয়া মিথ্যুক আখ্যা দিয়েছেন। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বানোয়াট হাদীস বর্ণনা করেন। অতঃপর তিনি তার কতিপয় বানোয়াট হাদীস উল্লেখ করেন এটি সেগুলোর অন্তর্ভুক্ত নয়।

কারণ এ আলোচ্য হাদীসটির প্রথম অংশটুকু সহীহ সূত্রে আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত হয়েছে। আমি সেটি "সহীহাহ" গ্রন্থে (৫৬২) উল্লেখ করেছি। আর দ্বিতীয় বাক্যটি "সহীহ মুসলিম" গ্রন্থে জাবের (রাঃ) এবং আয়েশা (রাঃ) হতে বর্ণিত হাদীসের মধ্যে এসেছে।

আর তৃতীয় বাক্যটিকে ইমাম ত্ববারানী "আল-মুজামুল কাবীর" গ্রন্থে (৬৬৮৯) সায়েব ইবনু ইয়াযীদ হতে মারফু হিসেবে প্রথম বাক্য সহকারে বর্ণনা করেছেন। এ সনদের মধ্যে ইয়াযীদ ইবনু আদিল মালেক নাওফালী রয়েছেন তিনি দুর্বল। যেমনটি "আল-মাজমা" (৩/১৫১) এবং "আত-তাকরীব" গ্রন্থে এসেছে।

আমি আলবানী এ তৃতীয় বাক্যটির কোন শাহেদ পায়নি। এ কারণেই এখানে উল্লেখ করেছি। তবে নিম্নের বাক্যে সহীহ হাদীস বর্ণিত হয়েছেঃ

সাহরী ভক্ষণকারীদের প্রতি আল্লাহ তা'আলা খুশি হন আর ফেরেশতারা তাদের প্রতি রহমত প্রার্থনা করে দু'আ করেন।

এ হাদীসটিকে আমি "সহীহ তারগীব অততারহীব" গ্রন্থে (১০৫৮) উল্লেখ করেছি।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72205>

📖 হাদিসবিডিৰ থ্ৰজেঙ্টে অনুদান দিন